

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪২

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সম্পদের যাকাত আদায় করে না, কিয়ামতের দিন তার শাস্তির বিবরণ

ذِكْرُ وَصَفِ عُقُوبَةِ مَنْ لَمْ يُؤَدِّ زَكَاةَ مَالِهِ فِي الْقِيَامَةِ

আরবী

3242 - أَخْبُرنَا مُحَمَّدُ بْنُ الْمُسَيَّبِ بْنِ إِسْحَاقَ قَالَ: حَدَّثَنَا زِيَادُ بْنُ يَحْيَى الْحَسَّانِيُّ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ: حَدَّثَنَا رَوْحُ بْنُ الْقَاسِمِ قَالَ: حَدَّثَنَا سُهِيْلُ بْنُ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ: عَنْ أَبِيهِ: عَنْ أَبِيهِ مُرِيْرَةَ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (مَا مِنْ عَبْد لَهُ مَالٌ لَا يُؤَدِّي زَكَاتَهُ إِلَّا جَمَعَ اللَّهُ لَهُ يَوْمَ الْقِيَامَةِ يُحمى عَلَيْهِ صَنَائِحُ مِنْ نَارِ جَهِنَّمَ يَكُوى بِهَا لَا يُؤَدِّي زَكَاتَهُ إِلَّا جَمَعَ اللَّهُ اللَّهُ بَيْنَ عِبَادِهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةٍ مِمَّا يَعُدُّونَ ثُمَّ يُرى سَبِيلَهُ إِمَّا إِلَى جُنَّةٍ وَإِمَّا إِلَى عَلَيْهِ كُلُّمَا مَضَى عَلَيْهِ أَخْراها رُدَّتْ عَلَيْهِ أُولاها بُطِحَ لَهَا بِقَاعٍ قَرْقَرٍ أَوْفَرَ مَا كَانَتْ تَسِيرُ عَلَيْهِ كُلَّمَا مَضَى عَلَيْهِ أَخْراها رُدَّتْ عَلَيْهِ أُولاها حَتَّى يَحْكُم اللَّهُ بَيْنَ عِبَادِهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ أَلْفَ سَنَةٍ ثُمَّ يُرى سَبِيلَهُ إِمَّا إِلَى عَلَيْهِ كُلَّمَا مَضَى عَلَيْهِ أَخْراها رُدَّتْ عَلَيْهِ أُولاها جُنَّةٍ وَإِمَّا إِلَى نَارٍ. وَمَا مِنْ صَاحِب غَنَمٍ لَا يُوكِدِي زَكَاتَهَا إِلَّا بُطِحَ لَهَا بِقَاعٍ قَرْقَرٍ كَأُونَهِ عَلَيْهِ أَلْفَ سَنَةٍ ثُمَّ يُرى سَبِيلَهُ إِمَّا إِلَى عَلَيْهِ أُولاها رُدَّتْ عَلَيْهِ أُولاها مَنْ عَلَاهُ إِلَّا لَهُ بَيْنَ عِبَادِهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ عَلَيْهِ أُولاها رُدَّتْ عَلَيْهِ أُولاها رُدَّتْ عَلَيْهِ أُولَاها رُدَّتْ عَلَيْهِ أُولَاها رَدَّتْ عَلَيْهِ أُولَاها حَتَّى يَحْكُمُ اللَّهُ بَيْنَ عِبَادِهِ فِي يَوْمٍ كَانَ مِقْدَارُهُ خَمْسِينَ عَلَيْهِ أُولَاها رُدَّتْ عَلَيْهِ أُولَاها رَدَّتْ عَلَيْهِ أُولَاها رُدَّتْ عَلَيْهِ أُولَاها رُعَلَى مَقْدَارُهُ خَمْسِينَ عَلَيْهِ أَلْفَ سَنَةٍ ثُمَّ يَرَى سَبِيلَهُ إِقَا إِلَى جُنَّةٍ وإِها إِلَى نَارٍ.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3242 | خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) ((1462): م.

বাংলা



৩২৪২. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে কোন সম্পদশালী ব্যক্তি, যদি তার সম্পদের যাকাত আদায় না করে, কিয়ামতের দিন আল্লাহ তা একত্রিত করবেন, তার উপর জাহান্নামের আগুনের প্লেট তপ্ত করে তা দিয়ে তার ললাট ও পিঠ সেঁক দেওয়া হতে থাকবে, যতক্ষন না আল্লাহ তার বান্দাদের মাঝে বিচার-ফায়সালা করবেন এমন দিনে যা তোমাদের গণনায় ৫০ হাজার বছরের সমপরিমাণ। তারপর সে তার পথ দেখতে পাবে, হয়তো জানাতের দিকে নতুবা জাহান্নামের দিকে।

কোন উটের মালিক যদি তার উটের যাকাত আদায় না করে, তবে সেগুলোর জন্য বিশাল-বিস্তৃত বালুময় ময়দান স্থাপন করা হবে, সেগুলো তাকে পদদলিত করবে। যখন তার উপর শেষ উট আসবে, তখন প্রথম উট পুনরায় ফিরে আসবে। এভাবেই চলতে থাকবে, যতক্ষন না আল্লাহ তার বান্দাদের মাঝে বিচার-ফায়সালা করবেন এমন দিনে যা তোমাদের গণনায় ৫০ হাজার বছরের সমপরিমাণ। তারপর সে তার পথ দেখতে পাবে, হয়তো জান্নাতের দিকে নতুবা জাহানামের দিকে।

কোন মেষের মালিক যদি তার মেষের যাকাত আদায় না করে, তবে সেগুলোর জন্য বিশাল-বিস্তৃত বালুময় ময়দান স্থাপন করা হবে, সেগুলো তাকে তাদের খুর দ্বারা পদদলিত করবে, শিং দ্বারা আঘাত করবে। কোন মেষের শিং ভাঙ্গা বা শিংবিহীন থাকবে না। যখন তার উপর শেষ মেষ আসবে, তখন প্রথম মেষ পুনরায় ফিরে আসবে। এভাবেই চলতে থাকবে, যতক্ষন না আল্লাহ তাঁর বান্দাদের মাঝে বিচার-ফায়সালা করবেন এমন দিনে যা তোমাদের গণনায় ৫০ হাজার বছরের সমপরিমাণ। তারপর সে তার পথ দেখতে পাবে, হয়তো জান্নাতের দিকে নতুবা জাহান্নামের দিকে।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২২৫৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৬৮৫৮; মুসনাদ আহমাদ: ২/২৬২; সহীহ মুসলিম: ৯৮৭; আবৃ দাউদ: ১৬৫৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২২৫২; সুনান বাইহাকী: ৪/৮১; বাগাবী: ১৫৬২; নাসাঈ: ৫/১২-১৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৪৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

Ø Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92573

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন